

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৬

তারিখ : ০৯ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ
২৩ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

হিজরী ১৪৩৫ সনের (২০১৪ খ্রিস্টাব্দ) পবিত্র রমজান মাসে অফিস ও লেন-দেনের সময়সূচী নির্ধারণ প্রসঙ্গে

হিজরী ১৪৩৫ সনের (২০১৪ খ্রিস্টাব্দ) পবিত্র রমজান মাসে বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানীর অফিস ও লেন-দেনের সময়সূচী হবে নিম্নরূপ :

কার্যদিবস	অফিস সময়সূচী	লেন-দেনের সময়সূচী
রবিবার হতে বৃহস্পতিবার	সকাল ০৯.৩০ মিঃ হতে বেলা ০৪.০০ মিঃ পর্যন্ত (বেলা ০১.১৫ মিঃ হতে ০১.৩০ মিঃ পর্যন্ত যোহরের নামাজের বিরতি) ।	সকাল ০৯.৩০ মিঃ হতে বেলা ০২.৩০ মিঃ পর্যন্ত ।
শুক্রবার ও শনিবার	সাপ্তাহিক ছুটি	-

যোহরের নামাজের জন্য ০১.১৫ মিঃ হতে ০১.৩০ মিঃ পর্যন্ত বিরতি নির্ধারণ করা হলেও রমজান পূর্ব সময়ের ন্যায় নিয়মানুযায়ী অভ্যন্তরীণ সমন্বয়ের মাধ্যমে লেন-দেনের কাজ অব্যাহত থাকবে ।

পবিত্র রমজান মাস অতিবাহিত হওয়ার পর ব্যাংকের অফিস ও লেন-দেনের সময়সূচী রমজান পূর্বাবস্থায় ফিরে আসবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(অসীম কুমার মজুমদার)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৬১